

HPV (হিউম্যান প্যাপিলোমাভাইরাস)

HPV কি?

HPV (হিউম্যান প্যাপিলোমাভাইরাস) হল একটি যৌন সংক্রমিত ভাইরাস। এটি যৌন সংযোগের মাধ্যমে ছড়ায় (যেমন, যোনি অথবা পায়ুগত যৌন মিলন)। এটি স্বকের সঙ্গে স্বকের সংস্পর্শে ছড়তে পারে। যাঁরা যৌন সঙ্গম করছেন তাঁদের অন্ততঃপক্ষে 50% মানুষের জীবনে কোন না কোন সময় HPV হবে।

আমি কেন HPV সম্বন্ধে শুনিনি?

HPV নতুন কোন ভাইরাস নয়। কিন্তু অধিকাংশ মানুষ এর সম্বন্ধে জানেন না। বেশীরভাগ মানুষের কোন উপসর্গ দেখা যায় না। কোনও শারীরিক সমস্যা ছাড়াই-- HPV আপনা থেকে সেরে যেতে পারে।

কাদের HPV হতে পারে?

যে কোন ব্যক্তি, যাঁর অন্য কোন ব্যক্তির সঙ্গে যৌন সংযোগ ঘটেছে, তাঁর HPV হতে পারে। পুরুষ এবং মহিলা, উভয়েরই এটি হতে পারে -- এবং নিজেদের অজান্তেই-- এটি ছড়তে পারে। যেহেতু এর কোন উপসর্গ থাকেনা, সেই জন্য কোন ব্যক্তির (পুরুষ অথবা মহিলা) যৌন সঙ্গমের বহুবছর বাদেও ব্যক্তিটির HPV থাকতে পারে। আপনার HPV হওয়ার সম্ভাবনা অধিক হবে, যদি আপনার:

- অল্প বয়সে যৌন সঙ্গম হয়ে থাকে,
- একাধিক যৌন সঙ্গী থাকে, অথবা
- যৌন সঙ্গীটির একাধিক সঙ্গী থাকে।

যদি কোন উপসর্গ না থাকে, তবে HPV সম্বন্ধে আমার চিন্তিত হওয়ার প্রয়োজন আছে কি?

১০০টির উপর ভিন্ন-ভিন্ন প্রকারের HPV আছে এবং এগুলির সবকটিই শারীরিক সমস্যার কারণ হয়না। কিছু প্রকারের HPV, জননেন্দ্রিয় আবেগের ন্যায় সমস্যার সৃষ্টি করে। গর্ভাশয় গ্রীবা (সার্ভিক্স), যোনি, যোনিদ্বার অথবা পায়ুতে ক্যানসারের কারণও কিছু প্রকারের HPV হতে পারে। এই ধরনের সমস্যার অধিকাংশ কারণ বিভিন্ন ধরনের ৬, ১১, ১৬ অথবা ১৮ হতে পারে।

HPV-র নিরাময়ের উপায় আছে কি?

এই ভাইরাসটির (HPV) স্বয়ং কোন নিরাময় নেই। শারীরিক সমস্যা যার কারণ HPV হতে পারে, যেমন জননেন্দ্রিয় আঁচিল, সার্ভিকাল (গর্ভাশয় গ্রীবা) পরিবর্তন এবং সার্ভিকাল (গর্ভাশয় গ্রীবা) ক্যানসার, তার জন্য চিকিৎসা আছে।

জননেন্দ্রিয় আঁচিল সম্বন্ধে আমার কি জানা উচিত?

জননেন্দ্রিয় আঁচিল এর অনেক রকম চিকিৎসা আছে। কিন্তু আঁচিল এর চিকিৎসার পরেও ভাইরাস সেখানে থেকে যেতে পারে এবং অন্যদের মধ্যে ছড়িয়ে পড়তে পারে। যদি জননেন্দ্রিয় আঁচিল এর চিকিৎসা না করা হয় তবে সেগুলি সেরে যেতে পারে, একই রকম থাকতে পারে অথবা আকার বা সংখ্যায় বাড়তে পারে, কিন্তু এগুলি ক্যানসারে পরিবর্তিত হয় না।

সার্ভিকাল (গর্ভাশয় গ্রীবা) ক্যানসার সম্বন্ধে আমার কি জানা উচিত?

সব মহিলাদের নিয়মিত প্যাপ পরীক্ষা(টেস্ট) করানো উচিত। HPV কারণে কোষের পরিবর্তন হচ্ছে কিনা তা প্যাপ পরীক্ষাতে দেখা হয়। কোষের পরিবর্তন প্রথমদিকেই এই পরীক্ষাতে ধরা পড়ে -- সেইজন্য কোষ ক্যানসারে পরিবর্তিত হওয়ার পূর্বেই সার্ভিক্সের (গর্ভাশয় গ্রীবার) চিকিৎসা করা যেতে পারে। এই পরীক্ষাতে ক্যানসারের প্রারম্ভিক পর্যায়েও ধরা পড়ে সুতরাং খুব গুরুতর হওয়ার পূর্বে এটির চিকিৎসা করা যেতে পারে। যদি রোগটি প্রথমদিকে ধরা পড়ে তবে সার্ভিকাল (গর্ভাশয় গ্রীবা) ক্যানসার থেকে মৃত্যু বিরল হয়।

যোনি সংক্রান্ত অথবা যোনিদ্বার সংক্রান্ত ক্যানসার সম্বন্ধে আমার কি জানা উচিত?

যোনি সংক্রান্ত ক্যানসার হল যোনির (জন্ম হওয়ার সংকীর্ণ নালিপথের) ক্যানসার। যোনিদ্বার সংক্রান্ত ক্যানসার হল ভগাস্কুর, যোনি ওষ্ঠ এবং যোনি-মুখের ক্যানসার। ক্যানসারের এই দুটি প্রকারই খুব বিরল। সব যোনি সংক্রান্ত অথবা যোনিদ্বার সংক্রান্ত ক্যানসারের কারণে HPV হয় না।



HPV (হিউম্যান প্যাপিলোমাভাইরাস)

পায়ু ক্যানসার সম্বন্ধে আমার কি জানা উচিত?

পায়ু ক্যানসার হল পায়ুর কলাতন্ত্রতে (টিস্যু) গঠিত হওয়া ক্যানসার।
পায়ু হল দেহের বাইরে মলদ্বারের (বৃহদ্রন্ত্রের শেষ অংশ) মুখ।

HPV-র জন্য কোন পরীক্ষা আছে কি?

হ্যাঁ। যে ধরণের HPV থেকে সার্ভিকাল (গর্ভাশয় গ্রীবা) ক্যানসার হতে পারে এটি তার পরীক্ষা করে। ৩০ বৎসর বয়সের বেশী মহিলাদের জন্য HPV পরীক্ষা করানো FDA অনুমোদন করেছে। সার্ভিক্সের (গর্ভাশয় গ্রীবার) পরিবর্তনের পূর্বেই এটি HPV খুঁজে বের করতে পারে। যে সব মহিলা HPV পরীক্ষা করেছেন তাঁদের প্যাপ পরীক্ষাও করা প্রয়োজন।

আমি কি HPV প্রতিরোধ করতে পারি?

কিছু প্রকার HPV-র কারণে ঘটিত সার্ভিকাল (গর্ভাশয় গ্রীবা) ক্যানসার সহ নির্দিষ্ট কিছু রোগ প্রতিরোধ করে যে টিকাকরণ তা FDA অনুমোদন করেছে। আপনার HPV টিকা নেওয়া উচিত কিনা সে বিষয়ে আপনার চিকিৎসককে জিজ্ঞাসা করুন।

আমার HPV হওয়ার সম্ভাবনা কমাতে এছাড়া আমি আর কি করতে পারি?

- আপনি যৌন সঙ্গম না করা নির্বাচন করতে পারেন (সংযম)।
- যদি আপনি যৌন সঙ্গম করেন তবে সঙ্গীর সংখ্যা সীমিত করতে পারেন।
- এমন সঙ্গী নির্বাচন করুন যাঁর যৌন সঙ্গী নেই অথবা সীমিত সংখ্যার যৌন সঙ্গী আছে। আপনার সঙ্গীর যত কম যৌন সঙ্গী থাকবে -- তাঁর (পুরুষ অথবা মহিলা) HPV থাকার সম্ভাবনা কম হবে।
- HPV বিরুদ্ধে কন্ডোম কতটা সুরক্ষা দেয় তা জানা যায়নি। যে স্থানগুলি কন্ডোম দ্বারা ঢাকে না সেই সব স্থান ভাইরাসের সংস্পর্শে আসতে পারে।

নারী স্বাস্থ্য এফডিএ অফিস <http://www.fda.gov/womens>

আধিক জানতে:

Food and Drug Administration (FDA)

<http://www.fda.gov/BiologicsBloodVaccines/Vaccines/ApprovedProducts/ucm172678.htm>